


বাংলাদেশ সুপ্রীম কোর্ট,  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
২০২১ ইং সনের ১০০নং গঠনবিধি

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, শারীরিক উপস্থিতি ব্যাতিরেকে আগামী ১০ই মে, ২০২১ইং রোজ সোমবার হইতে ১৫ই মে, ২০২১ইং রোজ শনিবার পর্যন্ত - আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন ২০২০ (১১নং আইন, ২০২০) এবং অত্র কোর্ট কর্তৃক জারীকৃত প্রাকটিস ডাইরেকশন অনুসরন করতঃ তথ্য প্রযুক্তি ব্যবহার করে শুধু ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চ গঠন করা হইল :

**১। বিচারপতি কে, এম, কামরুল কাদের**

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য আদিম অধিক্ষেত্রাধীন বিষয়; সাকসেশন আইন, ১৯২৫ অনুযায়ী ইচ্ছাপত্র ও ইচ্ছাপত্র ব্যাতিরেকে মৃত ব্যক্তির বিষয়বস্তুর অধিক্ষেত্র; বিবাহ বিচ্ছেদ আইন, ১৮৬৯ অনুযায়ী মোকদ্দমা; প্রাইজ কোর্ট বিষয় সহ এ্যাডমিরেলেটি কোর্ট আইন, ২০০০ অধিক্ষেত্রাধীন মোকদ্দমা; মার্টেন্ট শিপিং অর্ডিনেন্স, ১৯৮৩ এর অধীনে আবেদনপত্র; ২০০৯ ইং সনের ট্রেডমার্ক আইনের অধীন আবেদনপত্র; ১৯১৩ ও ১৯৯৪ইং সনের কোম্পানী আইন অনুযায়ী আবেদনপত্র; ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ইং (১৯৯১ইং সনের ১৪নং আইন) অনুযায়ী আবেদনপত্র; সালিশ আইন ২০০১ (২০০১ইং সনের ১নং আইন) অনুযায়ী আপীল ও আবেদনপত্র; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের ডিক্রি ও আদেশের বিরুদ্ধে অনুর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ ডিক্রি ও আদেশের বিরুদ্ধে দেওয়ানী রিভিশন; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোক্তিত বিষয়াদি সংক্রান্ত রূপ ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

  
প্রধান বিচারপতি  
বাংলাদেশ

তারিখঃ- ০৯/০৫/২০২১ইং

প্রচারের জন্য :-

১। বিচারপতি কে, এম, কামরুল কাদের